

০৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

নম্বর: ৪৩.২২.০০০০.০৮.০১.০৬৯.২৩/২১৯০

তারিখ: -----

১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অংশিজনের অংশগ্রহণে অনুষ্ঠিতব্য মতবিনিময় সভায় অংশগ্রহণের আমন্ত্রণ।

খৃষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে টলেমি আলেকজান্দ্রিয়া শহরে প্রথম জাদুঘর প্রতিষ্ঠা করেন। শুরুতে জাদুঘরটিতে শুধুমাত্র শিক্ষার্থীদের প্রবেশাধিকার ছিল। পরবর্তীতে জনগণের জন্য উন্মুক্ত করা হয়। আলেকজান্দ্রিয়া জাদুঘরের ধারণাকে উপজীব্য করে ইউরোপসহ সারা পৃথিবীতে জাদুঘর চর্চা শুরু হয়। সেই ধারাবাহিকতায় বাংলাদেশ জাতীয় জাদুঘর ইতিহাস, ঐতিহ্য, পুরাতত্ত্ব, শিল্পকলা, সংস্কৃতি-শিক্ষা ও প্রাকৃতিক সম্পদ সম্পর্কিত নিদর্শন সংগ্রহ, সংরক্ষণ গবেষণা ও প্রদর্শনের একটি জাতীয় প্রতিষ্ঠান। ১৯১৩ সালের ৭ আগস্ট বাংলার গভর্নর লর্ড কারমাইকেল নবনির্মিত সচিবালয়ে ঢাকা জাদুঘর উদ্বোধন করেন। এর প্রথম কিউরেটর ছিলেন ড. নলিনীকান্ত ভট্টশালী। সরকারের পৃষ্ঠপোষকতা, বিভিন্ন শ্রেণি-পেশাজীবীর মূল্যবান পরামর্শ, সংস্কৃতিজন ও বিভিন্ন খ্যাতিমান ব্যক্তিবর্গের অগ্রণী ভূমিকা, বিদ্যোৎসাহী ও গবেষকদের প্রজ্ঞা, উপহার দাতাগণের অবদান, সুহৃদদের সহযোগিতা এবং জাদুঘর কর্মীগণের অক্লান্ত পরিশ্রমে ১৯৮৩ সালে ঢাকা জাদুঘর বাংলাদেশ জাতীয় জাদুঘরে রূপান্তরিত হয়। এ রূপান্তরের ফলে দেশ ও জনগণের প্রতি জাদুঘরের দায়বদ্ধতা যেমন বেড়েছে, পাশাপাশি জাতীয় জীবনে এর ব্যাপ্তি সম্পৃক্ততা ও কর্মের পরিধি দিনে দিনে দৃশ্যমানভাবেই সম্প্রসারিত হয়েছে এবং একটি বহুমাত্রিক প্রতিষ্ঠান রূপে বিকশিত হয়েছে। নিদর্শন সংগ্রহের পাশাপাশি বাংলাদেশ জাতীয় জাদুঘর নিয়মিত গাইড সেবা প্রদান, প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান, হুইল চেয়ার সেবা প্রদান, বিশুদ্ধ পানি সরবরাহ, গ্রন্থাগার ব্যবহার সেবা, মিলনায়তন ব্যবহার সেবা, তথ্য সেবা, বিশেষ চাহিদা সম্পন্নদের বিশেষ বাথরুম সেবা, ইন্টারনেট সেবা, মোবাইল ফোন রিচার্জ সেবা, মাতৃদুগ্ধ পান কর্ণার সেবাসহ নানামাত্রিক সামাজিক সেবা প্রদান করে আসছে।

সেবা প্রদান প্রতিশ্রুতিতে (সিটিজেন চার্টার) সংযোজিত নাগরিক সেবা আধুনিক করার লক্ষ্যে বাংলাদেশ জাতীয় জাদুঘর আগামী ২০/১২/২০২৩, বুধবার, বেলা ০৩.৩০ মিনিট বাংলাদেশ জাতীয় জাদুঘরে কবি সুফিয়া কামাল মিলনায়তনে অংশীজনদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে। মতবিনিময় সভায় উপস্থিত হয়ে মূল্যবান মতামত প্রদান করার জন্য অনুরোধ করা হ'ল। আশা করি মতবিনিময় সভায় আপনার প্রাণবন্ত উপস্থিতি জাদুঘরের এ কর্মসূচিকে সাফল্যমণ্ডিত করবে।

  
(শক্তি পদ হালদার)

কীপার (চলতি দায়িত্ব)(সম:) ও

আহ্বায়ক

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও পরিমার্জন কমিটি  
বাংলাদেশ জাতীয় জাদুঘর

প্রাপক: জনাব শ্রীমান ইয়াছিন  
.....  
.....  
.....  
.....